দৈনিক ইনকিলাব

3 1 JUL 2004

৪২ ৩

# সরকারী ভর্তি বিধি মানছে না বিভিন্ন বেসরকারী কলেজ

### অতিরিক্ত ফি আদায়কারী শিক্ষাপ্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে

### শিক্ষা মন্ত্রণালয় তথ্য-প্রমাণ জোগাড় করা হচ্ছে : ঢাকা বোর্ড চেয়ারম্যান

রিয়াজ চৌধুরী

একাদশ শ্রেণীতে ভর্তির সরকারী বিধি মানছে না বিভিন্ন বেসরকারী কলেজ। একাদশ শ্রেণীর ভর্তিতে শিক্ষার্থীদের কাছ থেকে ৫ হাজার টাকার বেশী না নেয়ার সরকারী নির্দেশ থাকা সত্ত্বেও অধিকাংশ কলেজ তা অনুসরণ করছে না। ভিকারুননিসা নূন কলেজ, ঢাকা কমার্স কলেজ, রাজউক উত্তরা কলেজ, রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা সিটি কলেজসহ বিভিন্ন কলেজে ভর্তি ফি পাঁচ হাজারেরও অনেক বেশী নেয়া হচ্ছে বলে অভিযোগ রয়েছে। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ মনিরুল ইসলাম গতকাল (বুধবার) ইনকিলাবকে বলেন, এ ধরনের অভিযোগ শুনতে পেয়েছি। অভিযোগের ভিত্তিতে আমরা ইতোমধ্যে মনিটরিং শুরু করেছি। তথ্য-প্রমাণ জোগাড় হলে অভিযুক্ত কলেজগুলোর পৃঃ ৮ কঃ ৩

## সরকারী ভর্তি বিধি মানছে

১২-এর পৃষ্ঠার পর

বিরুদ্ধে ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রণালয়ে লিখিতভাবে আবেদন পেশ করা হবে।

একাদশ শ্রেণীতে ভর্তি সংক্রান্ত বিষয়ে গত ১ এপ্রিল সরকার এক প্রজ্ঞাপন জারি করে। প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, সরকার থেকে বেতন-ভাতা পাওয়া (এমপিওভুক্ত) বেসরকারী স্কুল-কলেজগুলো শিক্ষার্থী ভর্তির সময় সব ধরনের ফি মিলিয়ে ৫ হাজার টাকার বেশী নিতে পারবে না। কিন্তু সরকারের এ নির্দেশ মানছে না রাজধানীর বিভিন্ন বেসরকারী কলেজ। প্রজ্ঞাপনে বলা হয়, কোনো প্রতিষ্ঠান ভর্তির সঙ্গে উন্নয়ন ফি, সেশন ফি ও অন্য খাতের নামে অর্থ নিলেও সাকুল্যে তা ৫ হাজার ছাড়াতে পারবে না। কিছু কিছু শিক্ষাপ্রতিষ্ঠান ভর্তির ক্ষেত্রে অতিরিক্ত ভর্তি ফি নিচ্ছে অভিভাবকদের এমন অভিযোগের প্রেক্ষিতে মন্ত্রণালয় ভর্তি ফি পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। কিন্তু সরকারের নির্দেশ উপেক্ষা করে ঢাকা কমার্স কলেজ শিক্ষার্থী ভর্তিতে প্রায় ১৩ হাজার টাকা নিচ্ছে। ভিকারুন নিসা নূন কলেজ ১০ থেকে ১১ হাজার টাকা নিচ্ছে। এছাড়া রাজউক উত্তরা কলেজ, রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা ইম্পেরিয়াল কলেজ, ঢাকা সিটি কলেজ, বিএএফ শাহীন কলেজ কর্তৃপক্ষও ভর্তির সময় অতিরিক্ত অর্থ আদায় করছে বলে অভিযোগ পাওয়া গেছে। মন্ত্রণালয় সূত্র জানায়, বাণিজ্যিক ভিত্তিতে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো কখনই যাতে পরিচালিত হতে না পারে এবং সব ধরনের আয়ের মানুষ যাতে সন্তানদের মেধানুযায়ী শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি করতে পারে, এ জন্যই সরকার এ নির্দেশনা জারি করে। এদিকে শিক্ষা মন্ত্রণালয়ের গত মাসের এক মিটিংয়ে সিদ্ধান্ত হয়, একাদশ শ্রেণীসহ বিভিন্ন শ্রেণীতে ভর্তির সময় অতিরিক্ত ফি আদায়কারী শিক্ষাপ্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে, এ ক্ষেত্রে প্রয়োজনে বেসরকারী স্কুল-কলেজগুলোর এমপিও স্থগিত করার মতো শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়।